# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮১৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩৬. সালাতে কেউ সূরাহ্ পড়া ছেড়ে দিলে

بَابُ مَنْ تَرَكَ الْقِرَاءَةَ فِي صَلَاتِهِ بِفَاتِحَةِ الْكِتَابِ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى الرَّازِيُّ، أَخْبَرَنَا عِيسَى، عَنْ جَعْفَرِ بْنِ مَيْمُونٍ الْبَصْرِيِّ، حَدَّثَنَا أَبُو عُثْمَانَ النَّهْدِيُّ، قَالَ: حَدَّثَنِي أَبُو هُرَيْرَةَ، قَالَ: قَالَ لِي رَسُولُ اللَّهِ صلي الله عليه وسلم: اخْرُجْ فَنَادِ فِي الْمَدِينَةِ أَنَّهُ لَا صَلَاةَ إِلَّا بِقُرْآنٍ وَلَوْ بِفَاتِحَةِ الْكِتَابِ فَمَا زَادَ

ـ منكر

বাংলা

৮১৯। আবূ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ তুমি মদীনার রাস্তায় বের হয়ে ঘোষনা করো যে, কুরআন পাঠ ছাড়া সালাত হয় না; অন্তত সূরাহ ফাতিহা এবং তার সাথে অন্য (সূরাহ বা আয়াত) অবশ্যই মিলাবে।[1]

মুনকার।

## English

Abu Hurairah reported the Messenger of Allah (ﷺ) as saying:
Go out and announce in medina that prayer is not valid but the recitation of the Qur’an even though it might be fatihat al-kitab and something more.

ফুটনোট

[1] ইবনু হিব্বান (হাঃ ৪৫৩), হাকিম (১/২৩৯) দারাকুতনী, (১/৩২১), বায়হাক্বী (২/৩৭) সকলেই জা‘ফর সূত্রে। ইমাম হাকিম বলেন, হাদীসটি সহিহ, এতে কোনো দোষ নেই। জা‘ফর ইবনু মামুন বাসরার নির্ভরযোগ্যদের

অন্যতম, আর ইয়াহইয়া ইবনু সাঈদ কেবল নির্ভরযোগ্য ব্যক্তিদের সূত্রেই বর্ণনা করেন। ইমাম যাহাবী তার সাথে একমত পোষণ করেছেন। আল্লামা শামসুল হাক্ব 'আযীমাবাদী' আওনুল মা'বূদ' গ্রন্থে বলেনঃ সনদে জা'ফার ইবনু মায়মূন নির্ভরযোগ্য নন। যেমন ইমাম নাসায়ী বলেছেন। ইমাম আহমাদ বলেন, তিনি হাদীস বর্ণনায় শক্তিশালী নন। ইবনু 'আদী বলেন, তার হাদীস দুর্বলদের তালিকায় লিপিবদ্ধ করা হয়।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58137

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন